গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বড়লেখা, মৌলভীবাজার
www.barlekha.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮১৪.০১১.০০১.২৫.১৩৪২ তারিখ: ২৩/১২/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা ২০২১ অনুযায়ী মৌলভীবাজারে জেলার বড়লেখা উপজেলার মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদের নাম | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | পেশ ইমাম | ০১(এক) জন | ১৫,০০০/- (পনেরো হাজার টাকা) | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রি/দাওরায়ে হাদিস পাশ। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ ই কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার পাবেন।<br>গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুৎবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ২. | মুয়াজ্জিন | ০১(এক) জন | ১০,০০০/- (দশ হাজার টাকা) | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত (যোগ্যতা সম্পন্ন) স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩. | খাদিম | ০২(দুই) জন | ৭,৫০০/- (সাত হাজার টাকা) | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত (যোগ্যতা সম্পন্ন) স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

### শর্তাবলী

১। আগ্রহী প্রার্থীদের অবশ্যই বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিক হতে হবে।

২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা এবং (ঞ) মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্বহস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।

৩। আবেদনকারীর বয়স ১৪/০১/২০২৬ তারিখে ০১ নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ বছর এবং অন্যান্য পদের জন্য ১৮-৩০ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪। স্বহস্তে লিখিত আবেদন আগামী ১৪/০১/২০২৬ খ্রি. এর মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি অথবা ডাকযোগে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা বরাবর প্রেরণ করতে হবে। অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

৫। আবেদনের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৬। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান যথাসময়ে মোবাইল/ই-মেইল/নোটিশবোর্ড/ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

৭। আবেদনকারীকে আবেদনপত্রের সাথে পেশ ইমাম ও মুয়াজ্জিন পদের ক্ষেত্রে ৭০০/-(সাতশত) টাকা এবং খাদিম পদের ক্ষেত্রে

Scanned with MOBILE SCANNER

৫০০/- (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা বরাবর দাখিল করতে হবে।

৮। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। আবেদনপত্রের খামের উপর অবশ্যই প্রার্থীর পদের নাম উল্লেখ করতে হবে।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি বিবেচনা করা হবে না।

১০। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। যে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

১২। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

G. Chowdhury 20/11/25

(গালিব চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
বড়লেখা, মৌলভীবাজার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র
জনবল নিয়োগ কমিটি, বড়লেখা, মৌলভীবাজার

Scanned with MOBILE SCANNER